রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২০, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

(অভ্যন্তরীণ সম্পদ বিভাগ)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা আশ্বিন, ১৩৯৪/২০শে সেপ্টেম্বর, ১৯৮৭

নং এস আর ও ২০০-আইন/৮৭—ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী অধ্যাদেশ, ১৯৮৭ (১৯৮৭ সালের ১৪ নং অধ্যাদেশ) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী আদায় বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। **সারচার্জ আরোপ ও আদায়।**—ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী অধ্যাদেশ, ১৯৮৭ (১৯৮৭ সালের ১৪ নং অধ্যাদেশ) এর প্রথম তফসিলের—

(ক) ক্রমিক নম্বর ১এ উল্লিখিত আয়ের উপর আরোপনীয় ও আদায়যোগ্য সারচার্জ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Ordinance এর বিধান ও উহার অধীনে প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে;

(খ) ক্রমিক নম্বর ২ তে উল্লিখিত Narcotics ও liquor এর উপর আরোপনীয় ও আদায়যোগ্য সারচার্জ Excise Act, 1909 (Ben. Act V of 1909) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Act এর বিধান ও উহার অধীন প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে; এবং

মূল্যঃ ৩০ পয়সা

S.R.O. No. 200/1987 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 1 / 2

(গ) ক্রমিক নম্বর ২তে উল্লিখিত সিগারেট, সিনেমা, হোটেল, রেস্তোরাঁ ও হালকা পানীয়ের উপর আরোপনীয় ও আদায়যোগ্য সারচার্জ Excises and Salt Act, 1944 (I of 1944) এর বিধান মোতাবেক আরোপ ও আদায় করা হইবে এবং উক্ত Act এর বিধান ও উহার অধীন প্রণীত বিধিতে বিধৃত পদ্ধতিতে উহা সংগৃহীত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com